ফেঞ্চুগঞ্জ বিএনপির সাবেক সভাপতির যুক্তরাষ্ট্রে ইন্তেকাল: সিলেট জেলা বিএনপির শোক

ডেস্ক রিপোর্ট: সিলেট জেলা বিএনপির সাবেক উপদেষ্ঠা, ফেঞ্চুগঞ্জ উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও প্রবীণ বিএনপি নেতা তাজুল ইসলাম আর নেই (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। তিনি শুক্রবার বাংলাদেশ সময় রাত সাড়ে ৮টায় যুক্তরাষ্ট্রে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৬ বছর। তিনি স্ত্রী, ২ছেলে ও ৪ মেয়ে সহ অসংখ্য আত্মীয় স্বজন ও গুনগ্রাহী রেখে মারা যান। তিনি দীর্ঘদিন যাবৎ বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন। করোনা মহামারীর কারণে তার মরদেহ দেশে আনার পরিবর্তে যুক্তরাষ্ট্রে জানাযা শেষে দাফন করা হবে। পরিবারের পক্ষ থেকে মরহুমার মাগফেরাত কামনা করে দোয়া করার আহ্বান জানানো হয়েছে।

সিলেট জেলা বিএনপির শোক

ফেঞ্চুগঞ্জ উপজেলা বিএনপির সাবেক সভাপতি তাজুল ইসলামের ইন্তেকালে শোক প্রকাশ করেছেন সিলেট জেলা বিএনপির আহ্বায়ক কামরুল হুদা জায়গীরদার। মরহুমের মাগফেরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান তিনি।
এক শোক বার্তায় তিনি বলেন, প্রবীণ জেলা বিএনপি নেতা, ফেঞ্চুগঞ্জ উপজেলা বিএনপির সাবেক সভাপতি, বিশিষ্ট শালিস ব্যক্তিত্ব তাজুল ইসলামের মৃত্যুতে আমরা একজন নিবেদিত প্রাণ জিয়ার সৈনিককে হারালাম। যা সহজে পূরণ হবার নয়। আল্লাহ মরহুম তাজুল ইসলামকে জান্নাতের মেহমান হিসেবে কবুল করুন ও পরিবারবর্গকে এই শোক সইবার শক্তি দিন। আমীন।

আব্দুল আহাদ খান জামালের শোক

ফেঞ্চুগঞ্জ উপজেলা বিএনপির সাবেক সভাপতি ও প্রবীণ বিএনপি নেতা তাজুল ইসলামের ইন্তেকালে শোক প্রকাশ করেছেন সিলেট জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাবেক সহ-সভাপতি আব্দুল আহাদ খান জামাল। মরহুমের মাগফেরাত কামনা করে শোক

সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান তিনি। প্রেস বিজ্ঞপ্তি